মন্ত্রিপরিষদ বিভাগের সেপ্টেম্বর ২০২৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: সেপ্টেম্বর ২০২৬ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ৮ অক্টোবর ২০২৬

(১) প্রশাসনিক:

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৪৭৪	২৭৮	১৯৬
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,০৯৮	১,১৫৫	৯৪৩
মোট	২,৫৭২	১,৪৩৩	১,১৩৯

ক.২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	৩	-	৪৫	৩৩	৬৩	৫২	১৯৬
দুর্নীতি দমন কমিশন	-	-	৩০৯	২২১	২৮৫	১২৮	৯৪৩
মোট	৩	-	৩৫৪	২৫৪	৩৪৮	১৮০	১,১৩৯

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	৬	৪৯	৫৫	-	১	১	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দিন)

মন্ত্রিপরিষদ বিভাগ	মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন	১ দিন	-	(১) ২৩ সেপ্টেম্বর ২০২৬ তারিখে বুনিয়াদি কোর্সে অংশগ্রহণকারী কর্মকর্তাদের সাথে Why work in Government? শীর্ষক উপস্থাপনা এবং উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণের লক্ষ্যে বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার সফর করেন।
	সচিব, সমন্বয় ও সংস্কার		
	-	৬ দিন	১৩-১৮ সেপ্টেম্বর ২০২৬ মেয়াদে এস্তোনিয়ায় সরকারি সফর করেন।
	অতিরিক্ত সচিব		১৫-১৮ সেপ্টেম্বর ২০২৬ মেয়াদে ভারতে সরকারি সফর করেন।
	-	৪ দিন	
দুর্নীতি দমন কমিশন	সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন	-	-	-

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক: প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	মন্তব্য
1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS (1st revised)	৯৮	৮.৪৪ (৮.৬১ শতাংশ)	-
2. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V)	১১২.১৮	১৭.১৮ (১৫.৩১ শতাংশ)	-
3.Strengthening SBCC Delivery System in Social Protection	৪৪.৯২	৭.৬২ (১৬.৯৬ শতাংশ)	
4. Strengthening Shock Responsive and Nutrition Sensitive Social protection Programmes (SSRNSSPP)	৪২৫.৫২	৫৬.২১ (১৩.২১ শতাংশ)	
মোট	৬৮০.৬২	৮৯.৪৫ (১৩.১৪ শতাংশ)	-

খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা: নেই

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর/কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি:

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

মন্ত্রণালয়/ সংস্থা	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১৪টি	-	-	-	১৪টি	বিলুপ্ত বিভাগ উন্নয়ন বোর্ডের ১৪টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	৩৯টি	১৮৪.৫৫	৮টি	১২টি	২৭টি	-
মোট	৫৩টি	১৮৪.৫৫	৮টি	১২টি	৪১টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ	পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে নিষ্পন্ন মামলার সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পন্ন মামলার সংখ্যা
			চাকরিচ্যুতি/ বরখাস্ত	অন্যান্য দন্ড	অব্যাহতি		
মন্ত্রিপরিষদ বিভাগ	২	-	-	-	-	২	২
দুর্নীতি দমন কমিশন	১৫	-	-	-	২	১৩	২
মোট	১৭	-	-	-	২	১৫	৪

(৯) মানবসম্পদ উন্নয়ন:

ক. প্রতিবেদনাধীন মাসে নিজস্ব উদ্যোগে প্রশিক্ষণ আয়োজন:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	১.	মার্কেট ম্যানিপুলেশন, ইনসাইডার ট্রেডিং বা ক্যাপিটাল মার্কেট ব্যবহারের মাধ্যমে সংগঠিত অপরাধ শনাক্ত ও তদন্ত পরিচালানা সংক্রান্ত প্রশিক্ষণ	৬-১০ সেপ্টেম্বর, ১৩-১৭ সেপ্টেম্বর, ২০-২৪ সেপ্টেম্বর এবং ২৭ সেপ্টেম্বর থেকে ১ অক্টোবর ২০২৬	৮০ জন
	২.	কমিশনের কার্যক্রম সংশ্লিষ্ট আইন ও বিধির পরিচিতি এবং দাপ্তরিক শৃঙ্খলা ও শিষ্টাচার বিষয়ক প্রশিক্ষণ	৬-১০ সেপ্টেম্বর, ১৩-১৭ সেপ্টেম্বর, ২০-২৪ সেপ্টেম্বর এবং ২৭ সেপ্টেম্বর থেকে ১ অক্টোবর ২০২৬	৮০ জন
	৩.	ব্যাংকিং কার্যক্রম বিষয়ক বিশেষ প্রশিক্ষণ	২৭ সেপ্টেম্বর থেকে ১ অক্টোবর ২০২৬	৩০ জন
	৪.	দুর্নীতি দমন কমিশনের কর্মচারীদের দক্ষতা নবায়ন প্রশিক্ষণ প্রদান।	২৭ সেপ্টেম্বর থেকে ১ অক্টোবর ২০২৬	৩০ জন

ক.১ সরকারি কর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘণ্টাব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ২০২৬-২৭ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ শুরু করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

ক.২ প্রতিবেদনাধীন মাসে আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী আমন্ত্রিত অতিথি বক্তা/প্রশিক্ষক:

ক্রম	অতিথি বক্তা/ প্রশিক্ষক	প্রশিক্ষণের বিষয়	প্রশিক্ষণে অংশগ্রহণকারী	তারিখ
১.	অধ্যাপক ড. রিজওয়ান খায়ের (অব. অতিরিক্ত সচিব) চেয়ারম্যান রাজনৈতিক বিজ্ঞান ও সমাজবিজ্ঞান বিভাগ নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়	Public Sector in a VUCA World and Strategic Management	নবম ও তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তা	২৯ সেপ্টেম্বর ২০২৬

খ. প্রতিবেদনাধীন মাসে অন্য প্রতিষ্ঠানে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচি	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/এজেন্সি	অংশগ্রহণকারীর সংখ্যা
মন্ত্রিপরিষদ বিভাগ	১.	৩৭তম Fiscal Economics and Economic Management (FEEM) শীর্ষক প্রশিক্ষণ, সেগুনবাগিচা, ঢাকা	৭ জুলাই থেকে ২৩ সেপ্টেম্বর ২০২৬	অর্থ বিভাগ	৩ জন
	২.	Advanced Data Visualization for Official Statistics and SDG Indicators শীর্ষক অনলাইন e-Learning Course	১০ আগস্ট থেকে ১১ সেপ্টেম্বর ২০২৬	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	১ জন
	৩.	Acceptance for Basic Training on Public Procurement Management শীর্ষক প্রশিক্ষণ, বিপিএএ, ঢাকা	২৯ আগস্ট থেকে ২১ সেপ্টেম্বর ২০২৬ এবং ৮ আগস্ট থেকে ১ সেপ্টেম্বর ২০২৬	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	২ জন
	৪.	বুনিয়াদি প্রশিক্ষণ, বিপিএটিসি, সাভার, ঢাকা	৫ জুলাই থেকে ২ সেপ্টেম্বর ২০২৬	জনপ্রশাসন মন্ত্রণালয়	১ জন
	৫.	৫৮তম Introduction to Budget Management (IBM) শীর্ষক প্রশিক্ষণ	২০-২৪ সেপ্টেম্বর ২০২৬	অর্থ বিভাগ	১ জন
	৬.	Office Management & ICT Course	৬-১৭ সেপ্টেম্বর ২০২৬	আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা	১ জন
	৭.	Fundamental Training Course	১৩-২৪ সেপ্টেম্বর ২০২৬	আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা	১ জন
দুর্নীতি দমন কমিশন	১.	Regional Practitioner Workshop on Asset Management: Tracing, Recovery and Administration	৮-১০ সেপ্টেম্বর ২০২৬	দুর্নীতি দমন কমিশন (অর্থায়নে বিশ্বব্যাংক)	১ জন
	২.	ARIN-AP Annual General Meeting (AGM)	২৮ সেপ্টেম্বর থেকে ১ অক্টোবর ২০২৬	দুর্নীতি দমন কমিশন	১ জন

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে কর্মকালীন প্রশিক্ষণের ব্যবস্থা আছে কি না, না থাকলে কর্মকালীন প্রশিক্ষণ আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: দুর্নীতি দমন কমিশনের ২ জন।

(১০) উল্লেখযোগ্য সমস্যা-সংকট: নেই।

(১১) আইন, বিধি ও নীতি প্রণয়ন এবং উল্লেখযোগ্য কার্যাবলি:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠক ৩টি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৫টি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ২টি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২টি সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ১০টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর মধ্যে ৩টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে এবং অবশিষ্ট ৭টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে। প্রতিবেদনাধীন মাসে ৯টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ৫৯টি প্রস্তাব এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় ৮টি প্রস্তাব গৃহীত হয়েছে। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় ৩৫টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(৪) সেপ্টেম্বর ২০২৬ মাসে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান বিষয়ক জাতীয় স্টিয়ারিং কমিটি, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক জাতীয় কমিটি, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক নির্বাহী কমিটি, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক পরামর্শক কমিটি এবং উপসহকারী কৃষি কর্মকর্তার শূন্য পদে নিয়োগ সংক্রান্ত কমিটি গঠন করা হয়েছে।

(৫) সেপ্টেম্বর ২০২৬ মাসে রোহিঙ্গা বিষয়ক জাতীয় কর্মকৌশল প্রণয়ন কমিটি পুনর্গঠন করা হয়েছে।

(৬) উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলা পরিচালনা কার্যক্রম পরিবীক্ষণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটির ১১শ সভা ২৮ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

(৭) প্রধানমন্ত্রী ২১ সেপ্টেম্বর ২০২৬ তারিখে টার্কিশ এয়ারলাইন্সের ফ্লাইট নং-TK-725 যোগে নিউইয়র্ক, যুক্তরাষ্ট্রের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন এবং ২৭ সেপ্টেম্বর ২০২৬ তারিখে এমিরেট্স এয়ারলাইন্সের ফ্লাইট নং-EK-582 যোগে নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র হতে ঢাকায় প্রত্যাবর্তন করেন। প্রধানমন্ত্রীর প্রস্থান ও প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়েছে।

(৮) ত্রয়োদশ জাতীয় সংসদে মন্ত্রণালয়/বিভাগসমূহের সংসদ বিষয়ক কার্যাবলি সম্পর্কিত দায়িত্ব বণ্টন করা হয়েছে। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১০ সেপ্টেম্বর ২০২৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(৯) সেপ্টেম্বর ২০২৬ মাসে মাঠপ্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ১১টি, সরাসরি মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত ৬টি এবং পুনঃতদন্তের জন্য ২টিসহ মোট ১৯টি অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১০) সেপ্টেম্বর ২০২৬ মাসে মাঠপ্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ২৩টি অভিযোগ তদন্তপূর্বক নিষ্পত্তি করা হয়েছে। নিষ্পত্তিকৃত অভিযোগসমূহের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ২০টি অভিযোগ তদন্তপূর্বক প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করা হয়েছে। ১টি অভিযোগ তদন্তক্রমে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে পত্রযোগে অনুরোধ করা হয়েছে। সরাসরি দাখিলকৃত ২টি অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাত করা হয়েছে।

(১১) কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত আগস্ট দ্বিতীয় এবং সেপ্টেম্বর প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুটি সারসংক্ষেপ প্রধানমন্ত্রীর সমীপে উপস্থাপন করা হয়েছে।

(১২) নজরুল বর্ষ পালন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সকল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের বিষয়টি প্রচারের লক্ষ্যে প্রেরিত পোস্টারের সংখ্যার সঠিকতা ও অন্যান্য আনুষঙ্গিক বিষয়ে প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক-কে পত্র করা হয়েছে।

(১৩) দৈনিক যুগান্তর পত্রিকায় সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলাধীন 'যাদুকাটা নদীতে বালু লুটের মহোৎসব সবার মুখ বন্ধ' শীর্ষক সংবাদের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, সুনামগঞ্জ-কে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৪) Used Lead-Acid Battery (ULAB)- জনিত সীসা বিষক্রিয়া রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাঠ প্রশাসন কর্তৃক যথাযথ ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক-কে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৫) বিশ্ব বসতি দিবস ২০২৬ উদ্‌যাপনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল কমিশনার ও জেলা প্রশাসক-কে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৬) বিশ্ব পর্যটন দিবস ২০২৬ দেশব্যাপী আড়ম্বরপূর্ণভাবে উদ্‌যাপনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল কমিশনার ও জেলা প্রশাসক-কে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৭) খাল খনন কর্মসূচি সফলভাবে বাস্তবায়নকারী উপজেলা নির্বাহী অফিসারের সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক-কে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৮) মাঠপর্যায়ের সরকারি দপ্তরসমূহে আধুনিক ডিজিটাল হাজিরা (ফেস রিকগনিশন, ফিঙ্গারপ্রিন্ট, ক্লাউডে বেসড অনলাইন ড্যাশবোর্ডসহ) মেশিন স্থাপন সংক্রান্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল কমিশনার ও জেলা প্রশাসক-কে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৯) 'ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান ২০২৬' বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা-কে পত্র প্রেরণ করা হয়েছে।

(২০) জাতীয় রুফটপ সোলার কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি নির্ধারিত ছক অনুযায়ী প্রেরণের জন্য সকল বিভাগীয় কমিশনার-কে পত্র প্রেরণ করা হয়েছে।

(২১) জেলাপ্রশাসক সম্মেলন ২০২৬-এর প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য সকল বিভাগীয় কমিশনার-কে পত্র প্রেরণ করা হয়েছে।

(২২) সরকারি খাসজমিতে অবস্থিত পুকুরের অনুমতি ব্যতীত সংস্কার কার্যক্রম সংক্রান্ত বিষয়ে সচিব, আইন ও বিচার বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।

(২৩) জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত বিদ্যমান কমিটির রূপরেখা সংশোধন/পুনর্গঠনে সম্মতি প্রদান করে কৃষি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(২৪) সেপ্টেম্বর ২০২৬ মাসে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে কমিশনার এবং সকল জেলা প্রশাসকের জুম প্ল্যাটফর্মে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সেপ্টেম্বর ২০২৬ মাসের কমিশনার মাসিক সমন্বয় সভায় ১৮টি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

(২৫) মন্ত্রণালয় ও বিভাগসমূহের কার্যাবলি সম্পর্কিত আগস্ট ২০২৬ মাসের প্রতিবেদনের সারসংক্ষেপ প্রধানমন্ত্রীর নিকট প্রেরণ করা হয়েছে। প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে প্রতিবেদনে উপস্থাপিত মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে।

(২৬) বিভিন্ন আইনে বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত ২৪ জন কর্মকর্তার অনুকূলে 'মোবাইল কোর্ট আইন, ২০০৯'-এর ৫ ধারা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(২৭) ফৌজদারি কার্যবিধি-১৮৯৮-এর আওতায় ২০২৪ সাল পর্যন্ত দায়েরকৃত অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতে দীর্ঘমেয়াদি অনিষ্পন্ন মামলার তথ্য পর্যালোচনা ও পরিবীক্ষণ করা হয়। উক্ত তথ্য মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক সমন্বয় সভায় এবং বিভাগীয় কমিশনারদের মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে।

(২৮) টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs) বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত বিভাগীয়, জেলা ও উপজেলা কমিটিসমূহ হালনাগাদ করার বিষয়ে সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসার-কে পত্র প্রেরণ করা হয়েছে।

(২৯) জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা এবং বিদ্যমান সমস্যা সামাধানে করণীয় নির্ধারণের লক্ষ্যে ১৩ অক্টোবর ২০২৬ তারিখে CRVS বাস্তবায়ন কমিটির সভা আহ্বান করা হয়েছে।

(৩০) Grievance Redress System (GRS)-এর মাধ্যমে ১ জানুয়ারি হতে ৩০ সেপ্টেম্বর ২০২৬ মেয়াদে মোট দাখিলকৃত অভিযোগের সংখ্যা ৩৪,৭০১টি এবং অভিযোগ নিষ্পত্তি হয়েছে ১৮,৯৮০টি, অভিযোগ নিষ্পত্তির হার ৫৪.৭০ শতাংশ।

(৩১) মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন চার্টার ও মাঠপর্যায়ের দপ্তরসমূহের সিটিজেন্স চার্টার হালনাগাদকরণের জন্য নিয়মিতভাবে পরিবীক্ষণ করা হচ্ছে এবং প্রাপ্ত ত্রুটি-বিচ্যুতিসমূহ টেলিফোনিক যোগাযোগ ও পত্র প্রেরণের মাধ্যমে সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

(৩২) ২২ সেপ্টেম্বর ২০২৬ তারিখে 'এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম' শীর্ষক প্রকল্পের 'প্রকল্প স্টিয়ারিং কমিটির ১১তম সভা মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে।

(৩৩) মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০২৫-২০২৬ অর্থবছরের GPMS-এর সেকশন ২-এর স্ব-মূল্যায়িত প্রতিবেদনসমূহ পর্যালোচনা এবং পর্যবেক্ষণ প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

(৩৪) সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রগতি সরণি-নদ্দা সড়কের বিকল্প সড়ক সংক্রান্ত প্রস্তাব 'ঢাকা শহরের যানযট নিরসন ও ট্রাফিক ব্যবস্থাপনা আধুনিকায়ন' সংক্রান্ত কমিটিতে উপস্থাপনের নিমিত্ত মহাপরিচালক-২, প্রধানমন্ত্রীর কার্যালয়ে ১৪ সেপ্টেম্বর ২০২৬ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।

(৩৫) ১৬ সেপ্টেম্বর ২০২৬ ও ২৯ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভার কার্যপত্রের ওপর মন্ত্রিপরিষদ বিভাগের সংক্ষিপ্ত নোট প্রস্তুত করে মন্ত্রিপরিষদ সচিবের নিকট প্রেরণ করা হয়েছে।

(৩৬) মন্ত্রিপরিষদ বিভাগের চলমান প্রকল্পসমূহের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) পর্যালোচনা সভা ২৩ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

গ. আগামী (অক্টোবর-নভেম্বর ২০২৬) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি, আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি, প্রাক-নিকার সচিব কমিটি এবং মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন।

(২) মন্ত্রিসভা কমিটি/কমিশন/ অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(৩) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য ১৬টি আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন।

(৪) প্রধানমন্ত্রীর সভাপতিত্বে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১২২তম সভা আয়োজন।

(৫) জেলা সদরে কোর ভবনসমূহ নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২১১তম সভা আয়োজন।

(৬) মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে প্রাক-নিকার সচিব কমিটির সভা আয়োজন।

নাসিমুল গনি
মন্ত্রিপরিষদ সচিব